

## টাবিতে ফেল করা ছাত্রকেও অনিয়ম করে পাস করানো হয়েছে, দুই বিষয়ে ফেল করেও নম্বরপত্রে পাস!

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ অনিয়মের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফেল করা ছাত্রকেও পাস করিয়ে দেয়ার ঘটনা ঘটছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের এক ছাত্র দুটি বিষয়ে ফেল করলেও নম্বরপত্রে তাকে পাস দেবানো হয়েছে। এ নিয়ে চারুকলা ইনস্টিটিউটে ব্যাপক সমালোচনা শুরু হয়েছে। ঘটনাটি নিয়ে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক, ইনস্টিটিউটের পরিচালক ও শিক্ষকদের মধ্যে দুই ধরনের বক্তব্য পাওয়া গেছে।

জানা গেছে, চারুকলা ইনস্টিটিউটের গ্রাফিক ডিজাইনের (সনাতন) মাস্টার্স প্রিলিমিনারি ১৯৯৭ সালের পরীক্ষা অনুষ্ঠিত হয় ২০০১ সালের এপ্রিল মাসে। পরীক্ষার ফল ঘোষণা হয় কয়েক দিন আগে। এতে দেখা গেছে, মিজানুর রহমান নামে এক ছাত্র (পরীক্ষার রোল নং-২৭) দুটি বিষয়ে ফেল করে। সে ৩০২ এবং ৩০৩ নং কোর্সে ৫০ নম্বরের মধ্যে পায় ১৫ করে। যেখানে চারুকলা ইনস্টিটিউটের নিয়মানুযায়ী প্রতিটি তত্ত্বীয় কোর্সে আলাদা করে শতকরা ৩৬ নম্বর করে পেলে পাস ধরা হয়। কিন্তু

মিজানুর রহমান দুটি তত্ত্বীয় বিষয়ে ৫০ নম্বরের মধ্যে পায় মাত্র ১৫ করে। যেখানে ৫০-এর মধ্যে ১৮ পাওয়ার নিয়ম রয়েছে। কিন্তু দুটি বিষয়ে ফেল করেও তাকে (৭-পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

### টাবি ক্যাম্পাস থেকে

(৮-এর পাতার পর)

জানান যে, অফিসের পশ্চিম পাশে একটি বোমা পড়ে আছে। ঘটনাটি ডিন অধ্যাপক কাজী শহীদুল্লাহ তাৎক্ষণিকভাবে পুলিশকে অবহিত করেন। পুলিশ ঘটনাস্থলে গিয়ে একটি ককটেল বোমা উদ্ধার করে। অন্যদিকে মঙ্গলবার রাত ১২টার দিকে শহীদুল্লাহ হলের হাউস টিউটর ডবনের পাশে একটি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এই ডবনেই আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমান বাস করেন। তাঁর বাসায় এর আগেও কয়েক দফা গুলিবর্ষণ ও বোমা উদ্ধারের ঘটনা ঘটে।

বেশ কিছু দিন ধরেই ক্যাম্পাসে উপাচার্য বাসডবনসহ বিভিন্ন জায়গায় গুলিবর্ষণ ও বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ ব্যাপারে ক্যাম্পাসে দায়িত্বরত ডিএমপি'র সহকারী পুলিশ কমিশনার নাকিউস ইসলাম জানান, ক্যাম্পাসের প্রতিটি বোমারু জু এক ধরনের। মনে হচ্ছে একই জায়গা থেকে এতলো হচ্ছে। তবে কারা করছে তা জানা যাচ্ছে না। তিনি বলেন, আতঙ্ক হ্রাসের জন্যই এতলো করা হচ্ছে।